

## কার্যকর সুশীল সমাজ সংগঠন উন্নয়ন সংক্রান্ত ইস্তানবুল নীতিমালা Istanbul CSO Development Effectiveness Principles



বিশ্বজুড়ে বিভিন্ন দেশের গণতান্ত্রিক জীবনে সুশীল সমাজ সংগঠনসমূহ শক্তিশালী এবং গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে। সুশীল সমাজ সংগঠনসমূহ মানুষের পূর্ণ বৈচিত্র্য তুলে ধরে এবং তাদের অধিকার রক্ষায় কাজ করে। সুশীল সমাজ সংগঠনসমূহের একটি গুরুত্বপূর্ণ বৈশিষ্ট্য হলো স্বতন্ত্র উন্নয়ন অনুঘটক হিসেবে ভূমিকা রাখা। এই সংগঠনগুলো স্বেচ্ছাসেবী, বৈচিত্র্যপূর্ণ, দলনিরপেক্ষ, স্বায়ত্বশাসিত, অহিংস এবং তারা পরিবর্তনের জন্য কাজ করে। তাদের এই বৈশিষ্ট্যগুলোই কার্যকর উন্নয়ন সংক্রান্ত সুশীল সমাজ সংগঠনের ইস্তানবুল নীতিমালায় মূল ভিত্তি। এই নীতিমালাগুলো শান্তিপূর্ণ এবং দৃষ্টিপূর্ণ উভয় পরিবেশে, তুণমূলের বিভিন্ন কর্মসূচির পাশাপাশি নীতি অধিপারামর্শমূলক কার্যক্রম, জরুরি মানবিক সহায়তা থেকে শুরু করে দীর্ঘমেয়াদী উন্নয়নের ক্ষেত্রে সুশীল সমাজ সংগঠনকে কাজ করার পথ নির্দেশনা দেয়।

- ১. মানবাধিকার এবং সামাজিক ন্যায়বিচারকে সম্মান করুন এবং এই বিষয়ে প্রচারনা চালান**  
উন্নয়ন অনুঘটক হিসেবে সুশীল সমাজ সংগঠন তখনই কার্যকর যখন- তারা এমন উন্নয়ন কৌশল, কার্যক্রম এবং প্রচারনা কৌশল উদ্ভাবন এবং বাস্তবায়ন করে, যা উন্নয়নের অধিকার, মর্যাদা, ইতিবাচক কর্মপরিবেশ, সামাজিক ন্যায়বিচার এবং সবার জন্য সমতাসহ ব্যক্তিগত এবং সামষ্টিক মানবাধিকারের বিষয় তুলে ধরে।
- ২. নারী ও মেয়েদের অধিকার রক্ষার ক্ষেত্রে জেডার সমতা এবং সাম্য নিশ্চিত করুন**  
উন্নয়ন অনুঘটক হিসেবে সুশীল সমাজ সংগঠন তখনই কার্যকর যখন- উন্নয়ন সহযোগিতা বিষয়ক প্রচারনা বা বাস্তবায়নের ক্ষেত্রে জেডার সমতা বিবেচনা করে, নারীর উদ্বোধন এবং নারীর ব্যক্তিগত এবং সামষ্টিক অধিকার বাস্তবায়নের ক্ষেত্রে নারীর অভিজ্ঞতার প্রতিফলন ঘটায় এবং উন্নয়ন প্রক্রিয়ায় নারীকে সম্পূর্ণ ক্ষমতায়িত অনুঘটক হিসেবে নারীর অংশগ্রহণ নিশ্চিত করে।
- ৩. মানুষের ক্ষমতায়ন, গণতান্ত্রিক মালিকানা এবং অংশগ্রহণের উপর আলোকপাত করুন**  
উন্নয়ন অনুঘটক হিসেবে সুশীল সমাজ সংগঠন তখনই কার্যকর যখন- সুশীল সমাজ সংগঠন জীবনকে প্রভাবিত করে এমন নীতি এবং উন্নয়ন উদ্যোগে সাধারণ মানুষের গণতান্ত্রিক মালিকানা প্রতিষ্ঠায় মানুষের ক্ষমতায়ন এবং অংশগ্রহণকে সমর্থন করে। এক্ষেত্রে গরিব এবং প্রান্তিক মানুষের উপর বিশেষ আলোকপাত করতে হবে।
- ৪. টেকসই পরিবেশ সম্পর্কে প্রচারনা চালান**  
উন্নয়ন অনুঘটক হিসেবে সুশীল সমাজ সংগঠন তখনই কার্যকর যখন- তারা জলবায়ু সংকটের প্রতি জরুরি সাড়া দিয়ে, জীব-প্রতিবেশগত সংহতি এবং ন্যায় বিচারের জন্য প্রয়োজনীয় আর্থ-সামাজিক, সংস্কৃতিক পরিষ্কৃতির প্রতি বিশেষ নজর দিয়ে বর্তমান এবং ভবিষ্যত প্রজন্মের জন্য টেকসই পরিবেশ নিশ্চিত করার অগ্রাধিকার এবং কৌশল বাস্তবায়ন করে।
- ৫. স্বচ্ছতা এবং জবাবদিহিতা নিশ্চিত করুন**  
উন্নয়ন অনুঘটক হিসেবে সুশীল সমাজ সংগঠন তখনই কার্যকর যখন- তারা তাদের অভ্যন্তরীণ ব্যবস্থাপনায় স্বচ্ছতা, বহুমুখী জবাবদিহিতা এবং সংহতি নিশ্চিত করার সুসংহত প্রতিশ্রুতির প্রতিফলন দেখাতে পারে।
- ৬. ন্যায়সঙ্গত অংশীদারিত্ব এবং সংহতির জন্য চেষ্টা করুন**  
উন্নয়ন অনুঘটক হিসেবে সুশীল সমাজ সংগঠন তখনই কার্যকর যখন- তারা অপরাপর সুশীল সমাজ সংগঠন এবং অন্যান্য উন্নয়ন অনুঘটকের সঙ্গে স্বচ্ছ সম্পর্ক বজায় রাখতে প্রতিশ্রুতিবদ্ধ হয়। এই সম্পর্কের ভিত্তি হবে মুক্তভাবে সমান, একই উন্নয়ন লক্ষ্য এবং মান, পারস্পরিক শ্রদ্ধা, বিশ্বাস, সাংগঠনিক স্বায়ত্বশাসন, দীর্ঘ মেয়াদী সম্পর্ক, সংহতি এবং বৈশ্বিক নাগরিকত্ব।
- ৭. জ্ঞান তৈরি এবং বিনিময় করুন, পারস্পরিক শিক্ষার প্রতি প্রতিশ্রুতিবদ্ধ হউন**  
উন্নয়ন উপকরণ হিসেবে সুশীল সমাজ সংগঠন তখনই কার্যকর যখন- তারা তাদের অভিজ্ঞতা থেকে, অন্য সুশীল সমাজ সংগঠন একে অন্যান্য উন্নয়ন অনুঘটকের কাছ থেকে শিক্ষা নেওয়ার উপায়, স্থানীয় ও আদিবাসী সম্প্রদায়ের জ্ঞান ও প্রজ্ঞা উন্নয়ন অনুশীলন এবং ফলাফল সম্প্রসারিত করে যে ভবিষ্যত তারা দেখতে চায়, তার জন্য প্রয়োজনীয় উদ্ভাবন এবং লক্ষ্যকে শক্তিশালী করতে পারে।
- ৮. ইতিবাচক টেকসই পরিবর্তনের প্রতি প্রতিশ্রুতিবদ্ধ থাকুন**  
উন্নয়ন অনুঘটক হিসেবে সুশীল সমাজ সংগঠন তখনই কার্যকর যখন তারা তাদের উন্নয়ন কার্যক্রমের টেকসই ফলাফল এবং প্রভাব অর্জন করতে পারবে। এসব ফলাফল এবং প্রভাবের মূল আলোকপাত হবে বিশেষ করে গরিব এবং প্রান্তিক মানুষের মানুষের জীবন বদলের জন্য ফলাফল এবং অবস্থা নিশ্চিত করা, যা অব্যাহত রাখতে হবে বর্তমান এবং ভবিষ্যত প্রজন্মের জন্য।

এই নীতিমালা দ্বারা পরিচালিত হয়ে সুশীল সমাজ সংগঠনসমূহ তাদের উন্নয়ন কার্যক্রমে পূর্ণ জবাবদিহিতা নিশ্চিত করার প্রতিশ্রুতি দিচ্ছে। সকল উপকরণ দ্বারা প্রতিষ্ঠিত একই ধরনের উপযোগী পরিবেশ উন্নয়নের জন্য সমানভাবে গুরুত্বপূর্ণ। এই নীতিমালার সঙ্গে সামঞ্জস্যপূর্ণ কার্যক্রম দ্বারা দাতা সংস্থা এবং বিভিন্ন দেশের সরকার আকর এজেন্ডার প্রতি সমর্থন জানালেন এবং সুশীল সমাজ সংগঠনসমূহ উন্নয়নের ক্ষেত্রে তাদের পূর্ণ অবদান যেন রাখতে পারে তা নিশ্চিত করার প্রতি তারা তাদের সমর্থন জানালেন। সকল সরকারই সংগঠন করার অধিকার, সমাবেশ করার অধিকার এবং মত প্রকাশের অধিকারসহ মানবাধিকার তুলে ধরার জন্য বাধ্য। এগুলো কার্যকর উন্নয়নের পূর্বশর্ত।

সেপ্টেম্বর ২৯, ২০১০ এ গৃহীত Istanbul CSO Development Effectiveness Principles এর বাংলা ভাবানুবাদ। মূল ইংরেজি এবং বাংলার মধ্যে অর্থগত কোনও সমস্যা দিলে মূল ইংরেজিকেই প্রাধান্য দিতে হবে।